**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 26-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) এডিসি নির্বাচনে ২৮টি আসনে প্রার্থীদের মনোনয়নপত্র পরীক্ষার কাজ আজ সম্পন্ন হয়েছে।**
**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, বিকশিত ভারত গঠনে ত্রিপুরা যথার্থ ভূমিকা পালন করে চলেছে।**
**(৩) ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের ৬ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন।**
**(৪) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাম নবমী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।**

****************************************

**ADC-Scrutiny :**

এডিসি নির্বাচনে ২৮টি আসনে প্রার্থীদের মনোনয়নপত্র পরীক্ষার কাজ আজ সম্পন্ন হয়েছে। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষদিন আগামী ২৮শে মার্চ। উল্লেখ্য, মনোনয়নপত্র দাখিলের শেষদিনে গতকাল পর্যন্ত ২৮টি আসনে মোট ১৮৬ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছিলেন। এখন পর্যন্ত প্রাপ্ত সংবাদে জানা গেছে, খোয়াই জেলার তিনটি আসন আশারামবাড়ী-হালহালি, রামচন্দ্রঘাট, মহারানীপুর-তেলিয়ামুড়া আসনে সবকয়জন প্রার্থী বৈধ বলে বিবেচিত হয়েছে। তাছাড়া উত্তর জেলার দামছড়া-জম্পুই, দশদা-কাঞ্চনপুর আসন এবং দক্ষিন জেলার বীরচন্দ্র-কলসী, পূর্ব মুহুরীপুর-ভুরাতলি, শিলাছড়ি-মনু বনকুল আসনে সবকয়জন প্রার্থী বৈধ বলে বিবেচিত হয়েছে।

****************************

**Governor-Lok Bhawan :**

উত্তর-পূর্ব ভারতের প্রত্যন্ত অঞ্চল থেকে উঠে আসা জনজাতি কন্যাদের জন্য শিক্ষা আর সুযোগ—এই দুই-ই বদলে দিতে পারে ভবিষ্যতের মানচিত্র। সেই বাস্তবতাকেই আরও একবার সামনে আনল আসাম রাইফেলসের উদ্যোগে আয়োজিত এক আন্তঃরাজ্য শিক্ষামূলক সফর। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে ডিমা হাসাওয়ের ছাত্রীদের সরাসরি মত বিনিময় শুধু একটি আনুষ্ঠানিক সাক্ষাৎ নয়, বরং তাদের আত্মবিশ্বাস, স্বপ্ন আর সম্ভাবনার এক গুরুত্বপূর্ণ মোড়। আসাম রাইফেলসের ২১ সেক্টরের উদ্যোগে আয়োজিত এই শিক্ষামূলক সফরে আসামের ডিমা হাসাও জেলার বিভিন্ন জনজাতি সম্প্রদায় থেকে নির্বাচিত ২১ জন ছাত্রীকে ত্রিপুরায় নিয়ে আসা হয়। রাজ্যপালের সঙ্গে মতবিনিময়ে ডিমা হাসাও জেলার জনজাতি ছাত্রীরা তাদের জীবনের সংগ্রাম, দৃঢ়তা এবং এগিয়ে যাওয়ার গল্প তুলে ধরে। তারা জানায়, কীভাবে শিক্ষা ও ডিজিটাল সাক্ষরতার সুযোগ তাদের মধ্যে একটি উন্নত ভবিষ্যতের স্বপ্ন তৈরি করছে এবং সেই স্বপ্ন বাস্তবায়নের পথে এগিয়ে নিয়ে যাচ্ছে। রাজ্যপাল এই তরুণীদের সাহস ও উচ্চাকাঙ্ক্ষার প্রশংসা করেন এবং আসাম রাইফেলস ও এআরওএইচ-এর উদ্যোগকে সাধুবাদ জানান।

*************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, বিকশিত ভারত গঠনে ত্রিপুরা যথার্থ ভূমিকা পালন করে চলেছে। আজ কেরলমের ওয়ানাদ জেলার কালপেট্টায় নির্বাচনী জনসভায় বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। তিনি ত্রিপুরায় পরিকাঠামো, শিক্ষা, স্বাস্থ্যসেবা এবং প্রযুক্তিতে উল্লেখযোগ্য উন্নতির কথা তুলে ধরেন। মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরা বর্তমানে মাথাপিছু আয়ের নিরিখে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে দ্বিতীয় স্থানে রেয়েছে।

*************************

**Vandemataram 150th–West Dist :**

পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে আজ নজরুল কলাক্ষেত্রে রাষ্ট্রগীত বন্দেমাতরম-এর ১৫০ বছর পূর্তি উপলক্ষে জেলাভিত্তিক বিশেষ পর্যায়ের অনুষ্ঠান আয়োজিত হয়। গত ২৩শে মার্চ রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু রাজ্যভিত্তিক বিশেষ পর্যায়ের অনুষ্ঠান-এর সূচনা করেন। বিশেষ পর্যায়ের অনুষ্ঠান চলবে আগামী ৩০ মার্চ পর্যন্ত। রাষ্ট্রগীত বন্দেমাতরমের উচ্চারণের মধ্য দিয়ে অনুষ্ঠানটি শুরু হয়। অনুষ্ঠানের উদ্বোধক পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল আলোচনা করতে গিয়ে বলেন, বাঙালি মনন ও ভারতের স্বাধীনতা সংগ্রামের এক অবিচ্ছেদ্য প্রতীক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়-এর কালজয়ী সৃষ্টি 'বন্দেমাতরম'-এর ১৫০ বছর পূর্তি উপলক্ষে রাজ্যজুড়ে শুরু হয়েছে এক বিশেষ পর্যায়ের উদযাপন সপ্তাহ। স্কুল, কলেজ, ক্লাব, এন.জি.ও এবং সরকারি বিভিন্ন দপ্তরের সম্মিলিত উদ্যোগে এই আয়োজনকে ঘিরে সাধারণ মানুষের মধ্যে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনা লক্ষ্য করা যাচ্ছে। স্বাগত বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলা শাসক ও সমাহর্তা অসিত কুমার দাস।

***************************

**Package Story-Vandemataram :**

দেশপ্রেম, আত্মত্যাগ এবং জাতীয় গৌরবের এক অনন্য প্রতীক "বন্দেমাতরম"। স্বাধীনতার পর থেকেই আকাশবাণীর প্রভাতী সম্প্রচারের শুরুতে এই সংগীতের সুর ছড়িয়ে দিয়েছে একাত্মতার বার্তা। আজ সেই ঐতিহ্যের এক নতুন অধ্যায়ের সূচনা হলো।

#######VC######

***************************

**Basanti Puja :**

আজ প্রথা মেনে আগরতলার দুর্গাবাড়িতে বাসন্তী পূজার মহাঅষ্টমী অনুষ্ঠিত হয়েছে। প্রত্যেক বছরের মতো এবছরও সমস্ত শাস্ত্রীয় বিধি মেনে আগরতলার আনন্দময়ী আশ্রমে অনুষ্ঠিত হয় কুমারী পূজা।

******************************

**Asukastomi-Gomati :**

উত্তরায়ণ অশোকাষ্টমী তিথি উপলক্ষে অন্যান্য বছরের মতো এবছরও গোমতী নদীর ঘাটে আয়োজিত হয়েছে স্নান যাত্রা ও মেলা। গোমতী জেলার কাঁকড়াবন ব্লকের শালগড়া এলাকায় গোমতি নদীর ঘাটের এই মেলা ৬২তম বর্ষে পদার্পন করল। জানিয়েছেন মেলা কমিটির আহ্বায়ক পঞ্চায়েত প্রধান ঠাকুর দাস সরকার।

**************************

**Seminar on child rights :**

জাতীয় শিশু অধিকার সুরক্ষা কমিশন ও বুনিয়াদি শিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে আজ আগরতলার প্রজ্ঞা ভবনে শিশু অধিকার বিষয়ক একদিবসীয় সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনের উদ্বোধন করেন বিদ্যালয় শিক্ষা দপ্তরের সচিব ডঃ মিলিন্দ রামটেকে। সম্মেলনে শিশুদের শিক্ষা, মানসিক বিকাশ, পুষ্টি ও নিরাপত্তার দিকটি নিয়ে আলোচনা হয়। শ্রী রামটেকে বলেন, শিশু অধিকার রক্ষা করা কেবল সরকারের কর্তব্য নয়, বরং একটি সম্মিলিত দায়িত্ব, কারণ শিশুরাই জাতির ভবিষ্যৎ।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**Bye-Election :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের ৬ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন। আজ ছিল মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন। মহকুমা ম্যাজিস্ট্রেট তথা এই নির্বাচনের রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরী জানিয়েছেন, কোনো প্রার্থীই মনোনয়নপত্র প্রত্যাহার করেননি। এই উপ-নির্বাচনে প্রার্থীরা হলেন বিজেপির জহর চক্রবর্তী, সি.পি.আই.এমের অমিতাভ দত্ত, জাতীয় কংগ্রেসের চয়ন ভট্টাচার্য, আমরা বাঙালি দলের বিভাস রঞ্জন দাস, এস.ইউ.সি.আই-এর সঞ্জয় চৌধুরী এবং নির্দল প্রার্থী ব্রজলাল নাথ। নির্বাচন কমিশনের সাধারণ পর্যবেক্ষক ডক্টর হরিশ কুমার কে, পুলিশ পর্যবেক্ষক সতীশ বীনো এবং ব্যয় পর্যবেক্ষক ডক্টর বীর ধ্যানেশ্বর ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের কাজকর্ম তদারকি করছেন।

***************************

**Ram Navami-Greetings :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাম নবমী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় রাষ্ট্রপতি বলেন যে, ভগবান শ্রী রামের মহাকাব্যিক জীবনযাত্রা আমাদের একটি অর্থবহ জীবনের জন্য সত্য, ন্যায় ও সফলতার পথ অনুসরণ করতে পথ দেখায়।

উপরাষ্ট্রপতি ভগবান রামকে ধৈর্য, ত্যাগ এবং ন্যায়বিচারের প্রতি নিষ্ঠার প্রতীক হিসেবে বর্ণনা করেছেন, যিনি সমগ্র মানবজাতির জন্য ন্যায়, সত্য এবং অবিচল নৈতিকতার পরম আদর্শ।

সামাজিক মাধ্যমে একটি ভিডিও শেয়ার করে প্রধানমন্ত্রী বলেছেন, ত্যাগ, তপস্যা ও সংযমে পরিপূর্ণ মর্যাদা পুরুষোত্তমের জীবন প্রতিটি পরিস্থিতিকে পূর্ণ শক্তিতে মোকাবিলা করার অনুপ্রেরণা জোগায়। প্রধানমন্ত্রী বলেছেন, ভগবান রামের আদর্শ কেবল ভারতের জনগণকেই নয়, সমগ্র মানবজাতিকে অনন্তকাল ধরে পথ দেখিয়ে যাবে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও রাম নবমী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

**************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে মার্চ, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩২তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

*****************************

**Dak Adalat :**

আগরতলায় ডাক বিভাগের সুপারিনটেনডেন্টের কার্যালয়ে আগামী ৩০শে মার্চ "ডাক আদালত" অনুষ্ঠিত হবে। এই ডাক আদালতের জন্য ডাক পরিষেবা সংক্রান্ত আগামী ২৮শে মার্চ বিকেল ৫টার মধ্যে খামের উপর "ডাক আদালত" লিখে ডাক সুপার, আগরতলা ডাক বিভাগ-৭৯৯০০১ এই ঠিকানায় পাঠাতে হবে।

*************************

**First Division Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ তিনটি খেলা হয়। নরসিংগড়ের পিটিএ মাঠে কসমোপলিটন ক্লাব ২১৩ রানে ইউনাইটেড ফ্রেন্ডকে, টিআইটি মাঠে চলমান সংঘ ৬১ রানে ওল্ড প্লে সেন্টারকে এবং এমবিবি স্টেডিয়ামে ইউনাইটেড বি এস টি ৬ উইকেটে পোলস্টার ক্লাবকে পরাজিত করে।

***************************

**Weather :**

ভারতের আবহাওয়া দপ্তর আগামী ২৯শে মার্চ রাজ্যের বিভিন্ন স্থানে ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে। আগরতলায় আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে বলা হয়েছে, আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯.৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

***************************